

## আর-রাহীকুল মাখতূম

বিভাগ/অধ্যায়ঃ উহুদ ও আহযাব যুদ্ধের মধ্যবর্তী সারিয়্যাহ ও অভিযানসমূহ (السَّرَايَا وَالْبُعُوثُ بَيْنَ أُحُدٍ وَالْأَحْزَابِ)  
রচয়িতা/সঙ্কলকঃ আল্লামা সফিউর রহমান মোবারকপুরী (রহঃ)

(২) আব্দুল্লাহ বিন উনাইস (রাঃ)-এর অভিযান (بِعَثِّ عَبْدِ اللَّهِ بْنِ أُنَيْسٍ):

চতুর্থ হিজরীর মুহাররম মাসের ৫ তারীখে এ মর্মে একটি সংবাদ পাওয়া যায় যে, খালিদ বিন সুফইয়ান হুযালী মুসলিমগণকে আক্রমণ করার উদ্দেশ্যে সৈন্য সংগ্রহ করছে। শত্রুপক্ষের এ দুরভিসন্ধি নস্যাৎ করার লক্ষ্যে রাসূলুল্লাহ (ﷺ) আব্দুল্লাহ ইবনু উনাইস (রাঃ)-কে প্রেরণ করেন।

আব্দুল্লাহ বিন উনাইস (রাঃ) মদীনার বাইরে ১৮ দিন অবস্থানের পর মুহাররমের ২৩ তারীখে প্রত্যাবর্তন করেন। তিনি খালিদকে হত্যা করে তার মস্তক সঙ্গে নিয়ে আসেন। নাবী কারীম (ﷺ)-এর দরবারে উপস্থিত হয়ে তিনি যখন মস্তকটি তাঁর সম্মুখে উপস্থাপন করেন তখন তিনি তাঁর হাতে একটি ‘আসা’ (লাঠি) প্রদান করে বলেন, ‘এটা কিয়ামতের দিন আমার ও তোমার মাঝে একটি নিদর্শন হয়ে থাকবে। যখন তাঁর মৃত্যুর সময় নিকবর্তী হল এ প্রেক্ষিতে তিনি সেই আসাটিকে তাঁর লাশের সঙ্গে কবরে দেয়ার জন্য অসিয়ত করলেন।[1]

### ফুটনোট

[1] যাদুল মা‘আদ ২য় খন্ড ১০৯ পৃঃ, ইবনু হিশাম ২য় খন্ড ৬১৯-৬২০ পৃঃ।

Source — <https://www.hadithbd.com/books/link/?id=6286>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন